## ডিসেম্বর /২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

তারিখ ঃ ৩০.১২.২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি সভায় জানান, ২০২৩ সালের এটি সর্বশেষ সভা। আমরা এ বৎসরের সকল গ্রানি ভুলে গিয়ে নতুন বৎসরের জন্য নতুনভাবে কাজ করব। তিনি ২০২৩ সালে সকল কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করার জন্য সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ জানান। তিনি আগামী আগামী ২০২৪৫ সালেরও সকল কার্যক্রম যাতে সফলতার সাথে সম্পন্ন করা যায় সে কিসয়ে সকলের সার্বিক সহযোগিতা কমনা করেন।এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের টাকা দিয়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প প্রস্কাব পাওয়া গিয়েছে। অনেকে প্রকল্প কমিটি দাখিল করেননি।তিনি দ্রুত প্রকল্প বাস্তবায়নের স্বার্থে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য সভায় অনুরোধ জানান। রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন যোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা শীঘ্রই বাস্তবায়নের জন্য কার্যকরী ব্যবস্থা নেয়া হবে। তিনি সভায় আরো জানান বর্তমনে ২০২৩-২৪ অর্থ বৎরের বরাদ্দ দিয়ে ব্রীজের কাজ চলমান রয়েছে রাস্তার কাজ চলমান রয়েছে। তবে জমি অধিগ্রহণে কিছুটা বিঘ্ন সৃষ্টি হচ্ছে। মন্ডলের হাটে রাস্তার কাজে টেন্ডার হয়েছে।ঠিকাদার এখনও কাজ শুরু করেন নাই। কেন করেন নাই, তা জানতে হবে। উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান এডিপি বরাদ্দ দিয়েঙ গত সভায় অনুমোদিত ৪০ নং প্রকল্প চন্ডিপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের পাঁচপীর পাকা রাস্তা সংলগ্ন নয়া মিয়ার দোকান হতে রাস্তার দোকান পর্যন্ত সিসি করণ প্রাকল্পের অনুমোদিত সভাপতি জনাব মোঃ রবিউল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি এর বদলীজনিত কারণে জনাব মোঃ মইনুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডিকে প্রকল্প সভাপতি করা যেতে পারে।<br><br>**চেয়ারম্যান, উপজেলা পরিষদ :**<br>উপজেলা পরিদের বাসা নং- ৬(গ) মেরমত/সংস্কার কাজ, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে একটি গ্যারেজ ও উপজেলা পরিষদ হলরুম সংস্কার কাজ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বিধিমোতাবেক সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয় এবং এডিপি প্রকল্পের আওতায় পরিশিস্ট 'গ' সংযুক্ত করা হলো। | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব উন্নয়ন ও সরকারি বরাদ্দের মাধ্যমে গৃহিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুত করে দ্রুত বিধিমোতাবেক বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>উপজেলা পরিদের বাসা নং- ৬(গ) মেরমত/সংস্কার কাজ ও উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনে একটি গ্যারেজ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক কাজগুলি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩.ক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রাক্কলন অনুমোদন করে বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে। ৪০ নং প্রকল্প চন্ডিপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের পাঁচপীর পাকা রাস্তা সংলগ্ন নয়া মিয়ার দোকান হতে রাস্তার দোকান পর্যন্ত সিসি করণ প্রাকল্পের অনুমোদিত সভাপতি জনাব মোঃ রবিউল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি এর বদলীজনিত কারণে জনাব মোঃ মইনুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, এলজিইডিকে প্রকল্প সভাপতি হিসেবে অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল দপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার নতুন যোগদান করায় সভায় উপস্থিত সকল সদস্যের সঙ্গে পরিচিতি হন । পরবর্তীতে তিনি সকলের সহযোগিতা কামনা করে সভায় তার অফিসের তথ্য উপাত্য উপস্থাপন করেন । তিনি সভায় জানান,অক্টোবর/২৩ মাসে এ যাবৎ এ উপজেলায় ৬৮০টি গরু ল্যাম্পি স্কিন ডিসিসে আক্রান্ত হয়েছে এবং এর মধ্যে ২০টি গরু মারা গেছে ৫৬০টি গরু সুস্থ্য হয়েছে। ল্যাম্পি স্কিন ডিজিস এখন নিয়ন্ত্রণে এসেছে। বিনামূল্যে পিপিআর এবং খুরা রোগের ভেকসিন দেয়া হচ্ছে। চেয়ারম্যান, হরিপুর জানান, প্রাণি সম্পদ বিভাগ হতে হরিপুর ইউনিয়নে মুরগির ঘর দেয়া হচ্ছে৷ তিনি জানতে চান কোন শ্রেনীর লোককে এই ঘর দেয়া হচ্ছে এবং এখানে চেয়ারম্যানের কোন কর্তৃত্ব আছে কিনা। | লাম্পি স্কিন ডিসিস প্রতিরোধে প্রাণিসম্পদ বিভাগকে কৃষক/ খামারীদের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান অব্যহত রাখতে হবে। মুরগীর ঘর বিতরণের বিষয়ে ৫ সদস্য বিশিস্ট একটি তদন্ত কমিটি গঠন করা হবে।উক্ত তদন্ত কমিটি জরুরী ভিত্তিতে একটি প্রতিবেদন দিবেন।। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৩ | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান , ইতোমধ্যে ইলিশ ধরা নিষেধাজ্ঞার আওতায় বর্ণিত জেলেদের মাঝে ভিজিএফ বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া ইলিশ ধরা নিষেধাজ্ঞাও শেষ হয়েছে৷ তবে ১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা ধরার উপর নিষেধাজ্ঞা রয়েছে৷ তিনি এ বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় অনুরোধ জানান। | সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মোবাইল কোর্ট পরিচালনার করবেন।। | উপজেলা মৎস্য অফিসার |
| ৪ | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, আবহাওয়া অনুকূলে থাকায় আমন ফসলের বাম্পার ফলন হয়েছে৷ বি,আর ৮৭ ধান মাঠে রয়েছে৷ এক ফসলী জমিকে দুফসলী জমিতে রুপান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে৷বর্তমানে শরিষা চাষের প্রতি গুরুত দেয়া হচ্ছে৷ এ বছর তেল ও ডাল ফসলের উৎপাদন বৃদ্ধি হচ্ছে৷ কৃষকেরা ৮৭ ও ৮৮ আমন ধান আগাম কেটে আলু ও সরিষা চাষ করতে পারবেন৷ বর্তমানে ভুট্টায় পোকা দেখা যাচ্ছে । ভুট্টা ক্ষেতে স্প্রে করা প্রয়োজন৷ | রবি ফসল চাষে কৃষকদের সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রণোদনার কৃষক নির্বাচনে ইউপি চেয়ারম্যান/মেম্বরদের সাথে সমন্বয় করতে হবে। ভুট্টা ক্ষেতে পোকা দমনের জন্য স্প্রে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে৷ | উপজেলা কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, ইতিপূর্বে প্রসুতি মায়ের সিজার এখানেই করা হতো৷ বর্তমানে অপারেশন করা হচ্ছে না । কারণ অনেক সময় বিদ্যুৎ বিভ্রাট হলে অপারেশনে সমস্যা সৃস্টি হতে পারে৷ ফলে দ্রুত একটি জেনারেটর প্রয়োজন৷ | জেনারেটরের প্রকল্প দেয়া হয়েছে । দ্রুত প্রকল্প বাস্তবায়ন হবে৷ রোগীদের সেবা বাল হতে হবে৷ এছাড়া রোগীদের জন্য আধুনিক সুইস বেড কেনা হবে৷ জাইকার বরাদ্দ আসলে কেনা কাটা করা হবে৷ কেনা কাটার ব্যাপারে স্বচ্ছতা আনতে হবে৷ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতি: দা:), সভায় জানান, এ যাবৎ ৪৭টি নরমাল ডেলিভারী হয়েছে৷ আশ্রয়ণ প্রকল্প সমুহে স্যাটেলাইট ক্লিনিক করা হয়েছে৷ অ্যাপ চাল হয়েছে । যার নাম চালু স্মার্ট বন্ধু৷ প্রসুতি সকলের সুবিধা অসুবিধা জানা যাবে৷ উপজেলা পরিবার পরিকল্পনা । অফিসের বিদ্যুৎ বিল বাকী রয়েছে । বরাদ্দ চাওয়া হয়েছে৷ বিদ্যুৎ লাইন যাতে কর্তন না করে সে বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সকলকে অনুরোধ জানান৷ | প্রসূতি মায়েরা যাতে সঠিক সময়ে সঠিক সেবা পায় সে দিকে সদা সজাগ থাকতে হবে৷ বিদ্যুৎ বিলের বরাদ্দ পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে তা পরিশোধ করতে হবে৷বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন না করার বিষয়টি ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি নিশ্চিত করবেন৷ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি । |
| ৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, সামনে নতুন শিক্ষা বৎসরে বই আসবে৷ কিন্তু বই রাখার মত কোন জায়গা নেই । তাই তিনি নতুন বই সংরক্ষণ ও বিতরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সভায় অনুরোধ জানান৷ | সুন্দরগঞ্জ ডিড রাইটার সরকারী ডিগ্রী কলেজের একটি ছাত্রাবাস আছে । ছাত্রাবাসটি পরিত্যক্ত অবস্থায় আছে । সংস্কার করে সেখানে বই সংরক্ষণ করা যেতে পারে৷ এ বিষয়ে উক্ত কলেজের অধ্যক্ষ মহোদয়ের সঙ্গে যোগাযোগ করা হোক৷ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১৩৯টি পূজা মন্ডপে ৮৯০জন জনবল নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ১২টি স্পর্টে ১২জন করে আনসার মোতায়েন করা হয়েছে। পুলিশ ভি,আর নিয়োগ দেয়া হবে। প্রতিটি কেন্দ্রে যারা অস্ত্র বহন করবে তাদেরকে প্রশিক্ষণ দেয়া হবে। | প্রশিক্ষণার্থী নির্বাচনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, ১লা নভেম্বর জাতীয় দিবস উদযাপিত হয়েছে। উক্ত দিবসে ৪জন সফল যুব উদ্যোক্তাকে পুরস্কার দেয়া হয়েছে। বর্তমানে যুব প্রশিক্ষণ চলছে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান যুব প্রশিক্ষণে স্বচ্ছতার সঙ্গে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এইচএসসি পরীক্ষায় তদারকি অফিসারের দায়িত্বে নিয়োজিত থাকায় অনুপস্থিত। | আগামী সবায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১১ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, ভাটি বুড়াইল, মধ্য সাহাবাজ, তারাপুর, ধনিয়ার কুড়া, খোর্দা সরকারী প্রাথমিক বিদ্যালয় সমূহের টিউবওয়েল চুরি হয়েছে । তিনি এ চুরি রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | সরকারী প্রাথমিক বিদ্যালয় সমূহে নৈশ প্রহরীগণকে পাহাড়া জোরদার করার জন্য জন্য প্রত্যেকটি বিদ্যালয়ে পত্র দিতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ভাতা, প্রতিবন্দি ভাতা লাইফ ভেরিফিকেশনের জন্য সকলকে পত্র দেয়া হয়েছে। লাইফ ভেরিফিকেশন চলছে। উপকারভোগীদের লাইফ ভেরিফিকেশনে অংশ না নেয়ার কারণে পেরোল প্রেরণ সম্ভব হচ্ছে না। | আগামী ৩০ নভেম্বরের মধ্যে লাইফ ভেরিফিকেশনে অংশ না নিলে উপকারভোগীর নাম পরিবর্তন করা হবে। সকল ইউপি চেয়ারম্যানকে পত্র দিয়ে এ বিষয়ে অবহিত করতে হবে। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যান সহযোগিতা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যানগণ ও, সংশ্লিস্ট সকল |
| ১৩ | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, সভাকে জানান, তার দপ্তর থেকে জুলাই/২৩ মাসে ১৫০টি এবং আগস্ট মাসে ২০০টি চারা বিক্রয় করা হয়েছে। বিভিন্ন ইউনিয়নে ইউনিবনের সাথে ইউনিয়ন পরিষদের রাস্তায় সামাজিক বনায়ন করেছেন। চুক্তি মোতাবেক গাছ কর্তনের সময় ইউনিয়ন পরিষদের মাধ্যমে আবেদন দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। | ইউনিয়ন পরিষদের রাস্তার গাছ কর্তনের আবেদন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অবহিত করে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর দাখিল করতে হবে। | ইউপি চেয়ারম্যান, ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার অনুপস্তিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, ২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর ও কাবিখা'র বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোমধ্যে বিভাজন করা হয়েছে। চেয়ারম্যানদের ইউপি সভার রেজুলেশনসহ প্রকল্প দাখিল করার উপর গুরুত্বারোপ করেন। টি,আর কাবিখা বরাদ্দ পাওয়া গিয়েছে। বিভাজন করতে হবে। ইজিপিপি প্রকল্পে কিছু শ্রমিক দীর্ঘদিন অনুপস্থিত। | সরকারি বিধি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যথাযথ নিয়ম অনুরসণ করে প্রকল্প প্রস্তাবনা দাখিল করতে হবে।ইজিপিপি প্রকল্পে যে সমস্ত শ্রমিক দীর্ঘদিন অনুপস্থিত , তাদেরকে বাদ দেয়া হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও, সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, আগামী ৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন।উক্ত নির্বাচনে সকল ভোট কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দিতে সকল কেন্দ্রের তালিকা প্রয়োজন। এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিটি কেন্দ্রে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দিতে ডিজিএম পল্লী বিদ্যুৎকে অনুরোধ জানান। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | মহিলা বিষয়ক অফিস | মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিডব্লিউবি দুইটি ইউনিয়নের বিতরণ হয়নি। তিনি সঠিক সময়ে ভডব্লিউবি এর বরাদ্দ মাল বিতরণের জন্য সভায় অনুরোধ জানান। মা ও শিশু সহায়তার ভাতাভোগীর তালিকা প্রেরণের জন্য বাব বার চিঠি ও মোবাইল ফোনে যোগাযোগ করা হলেও সঠিক সময়ে তালিকা পাওয়া যায় না। এ যাবৎ মাত্র ০৭টি ইউনিয়নের তালিকা পাওয়া গিয়েছে। তিনি সঠিক সময়ে ভাতাভোগীর তালিকা দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। তিনি সভায় ০৩ সদস্য বিশিস্ট একটি কমিটি গঠন করে দেয়ার জন্য অনুরোধ জানান, কারণ যে সমস্ত ইউনিয়ন ভাতাভোগীর তালিকা দিতে বিলম্ব করবেন, সেই সমস্ত ইউনিয়নে ০৩ সদস্য বিশিস্ট গঠিত কমিটি সঠিক সময়ে তালিকা দাখিল করবেন। | মা ও শিশু সহায়তার ভাতাভোগী প্রকল্পে প্রকৃত উপকারভোগীগণ যাতে করে ভাতা প্রাপ্ত থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান সঠিক সময়ে তালিকা দাখিল করবেন। সভায় ০৩ সদস্য বিশিস্ট একটি কমিটি গঠন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। যে সমস্ত ইউনিয়ন ভাতাভোগীর তালিকা দিতে বিলম্ব করবেন, সেই সমস্ত ইউনিয়নে ০৩ সদস্য বিশিস্ট গঠিত কমিটি সঠিক সময়ে তালিকা দাখিল করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভারপ্রাপ্ত কর্মকর্তা খাদ্য গুদাম,ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য অফিসার জানান: মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ভূমিহীন ও গৃহহীনদের জন্য বরাদ্দকৃত "ক" শ্রেণির ঘরে টিউবওয়েল স্থাপন ও শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশব্লক নির্মাণের কাজ চলমান আছে। | মুজিবরর্ষের নির্মিত "ক" শ্রেণীর ঘরগুলোতে নলকূপ স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৯ | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করা আছে। তিনি সকল ইউনিয়ন পরিষদে আরো কিছু তথ্য সংযোগ করার জন্য অনুরোধ জানান। বিশেষ করে তথ্য অধিকার আইনের কিছু তথ্য প্রত্যেক দপ্তরে সিটিজেন চার্টারে দেয়ার জন্য অনুরোধ জানান। তিনি সভায় জানান এখন পর্যন্ত ৫টি দপ্তর এবং বেলকা ইউনিয়ন পরিষদের তথ্য পাওয়া গিয়েছে।তিনি সরকারের উন্নয়নমূলক সকল কর্মকান্ড ওয়েব সাইটে প্রদর্শণ করার জন্য অনুরোধ জানান। বর্তমান সরকার উন্নয়নের রোল মডেল। এ সরকারের সৃস্টি যেমন, আশ্রয়ণ, পদ্মা সেতু, মেট্রোরেল ইত্যাদি আপলোড থাকা প্রয়োজন। নিজস্ব পেজ খুলে আপডেট থাকা দরকার। সংশ্লিষ্ট দপ্তরের Face book page খোলা যাবে। | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টারে তথ্য অধিকার আইন এর তথ্য দিতে হবে। সরকারের উন্নয়নমূলক সকল কর্মকান্ড ওয়েব সাইটে প্রদর্শণ করতে হবে। বর্তমান সরকার উন্নয়নের রোল মডেল। এ সরকারের সৃস্টি যেমন, আশ্রয়ণ, পদ্মা সেতু, মেট্রোরেল ইত্যাদি আপলোড করতে হবে। নিজস্ব পেজ খুলে আপডেট করতে হবে। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ২০ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, এ পর্যন্ত পুরাতন সমিতির সদস্যগুলোকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হয়েছে। এখন নতুন সমিতি প্রতিষ্ঠা করে Pin Id খুলে সমিতির সদস্যগণকে প্রশিক্ষণ দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি সকল চেয়ারম্যানগণকে Pin Id খুলে প্রত্যয়ণ দেয়ার জন্য অনুরোধ জানান। | সকল ইউপি চেয়ারম্যান Pin Id খুলে প্রত্যয়ণ দিবেন। | উপজেলা সমবায় অফিসার |
| ২১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে জানান, নভেম্বর মাসে খাদ্য বান্ধব শুরু হবে। যে সমস্ত এলাকায় | ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটিগুলো যাতে নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডিলার নেই, সেই সমস্ত এলাকায় জরুরী ভিত্তিতে ডিরার নিয়োগ করার জন্য সভায় অনুরোধ জানান। | সভার কার্য বিবরণী দাখিল করে তা নিশ্চিত করতে হবে। সঠিক প্রক্রিয়ায় খাদ্যের গুণগত মান বজায় রেখে গোডাউনে ধান/চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। দ্রুত ফেয়ারপ্রাইজ ডিলার নিয়োগ ও অনিয়মের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে খাদ্য দ্রব্যের বাজার স্থিতিশীল রাখতে কাজ করতে হবে। | ও সংশ্লিষ্ট সকল |
| ২২ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, সর্বজনীন পেনশন স্কীম নিয়ে তার দপ্তর কাজ করছে। বরাদ্দ পাওয়া গেছে, নিয়মিত উঠান বৈঠক অনুষ্ঠানসহ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি অন্যতম কর্মসূচি। এর প্রচার প্রচারণা চালনোসহ সাধারণ মানুষকে সম্পৃক্ত করতে সকলকে স্ব-স্ব অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২৩ | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা পরিষদ |
| ২৫ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধার অব্যাহত রাখতে হবে। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬ | স্টেশন মাস্টার (ফায়ার সার্ভিস) | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরো জানান, বর্তমানে হরতাল।, অবরোধ চলছে। রাস্তার পাশে যাতে, ইট, কাঠের গুড়ি, ইত্যাদি না থাকে সে বিসয়ে মোবালাইজিং করার জন্য সভায় অনুরোধ জানান। | এ ধারা অব্যাহত রাখতে হবে। রাস্তার পাশে যাতে, ইট, কাঠের গুড়ি ইত্যাদি না থাকে সে বিসয়ে মোবালাইজিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গোহণ করা হবে। | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস |
| ২৭ | জেলা মার্কেটিং অফিসার গাইবান্ধা | সভায় অনুপস্থিত। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | |
| ২৮ | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা, সভায় জানান, গোটা উপজেলার আইন শৃঙ্খলা স্বাভাবিক রয়েছে। | বর্তমান প্রেক্ষাপটে পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে পুলিশী টহল জোরদার করতে হবে। | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯ | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর অফিস প্রধানগণ |
| ৩০ | ইউপি চেয়ারম্যান | <u>চেয়ারম্যান হরিপুর ইউপি</u> ঃ<br>চেয়ারম্যান হরিপুর ইউপি জানান, হরিপুর ইউনিয়নে ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলণ করা হচ্ছে । অনকে বলার পরেও বন্ধ করা যাচ্ছে না । এ ষিয়ে জেলা প্রমাসক মহোদয় বরাবরে অভিযোগ দেয়া হয়েছে । উত্তোলণকৃত বলু বানিজ্যিকভাবে বিক্রয় করা হচ্ছে। তিনি ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলণ বন্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি সভায় আরো জানান, গ্রাম পুলিশগণ সরকারী দায়িত্ব পালন করেন। কিন্তু ঘাটে নদী পার হওয়ার জন্য গেলে জনপ্রতি ৫০/= টাকা রাগে। একজন গ্রাম পুরিশের পক্ষে ৫০/= টাকা দেয়া সম্ভব না। হরিপুর ইউনিয়নে বর্তমানে ওয়াজ মাহফিলের জন্য বিভিন্ন ব্যক্তি অনরুমতির জন্য উপজেলায় আসেন। বর্তমান পরিস্থিতিতে কোন বাবেই ওয়াজ মাহফিলের অনুমতি দেয়া যাবে না।<br><u>চেয়ারম্যান সোনারায়া ইউপি</u> ঃ চেয়ারম্যান সোনারায় ইউপি সভাকে বলেন, আশ্রয়ণ প্রকল্পের ২টি ঘরে মিটারে রাগানো হয়নি।। শিবরাম স্কুর এন্ড কলেজে বর্তমানে ফরম ফিলআপ চরছে । ফরম সফিলআপের টাকা সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষের নিকট না রেখে উপজেলা নির্বাহী অফিসারের নামে একাউন্ট খুলে সেই একাউন্টে ফরম ফিল আপের টাকা জমা রাখার জন্য তিনি সভায় অনুরোধ জানান। অধ্যক্ষ চেয়ারম্যানকে মূল্যায়ণ করেন না । অধ্যক্ষের বিরুদ্ধে মামলা আছে । বিদায় তার একাউন্টে টাকা রাখা সমিচিন হবে না। | • দিনের বেরা বালু উত্তোলন করতে গেলে উপজেলা প্রশাসনকে অবহিত করলে মোবাইল কোর্ট করা হবে। তবে রাতের বেরা মোবাইর কোর্ট করা যাবে না। সামনে জাতীয় সঙসদ নির্বাচন। গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ (আরপিও) ও নির্বাচণ আচরণ বিধি অনুযায়ী ওয়াাজ মাহফিলের জন্য কোন প্রকার অনুমতি দেয়া হবে না।<br>• আশ্রয়ণ প্রকল্পের ঘরে শীঘ্রই বিদ্যুতের মিটার স্থাপন করা হবে। শিবরাম স্কুল এন্ড কলেজের দুই পক্ষের লোক নিয়ে একটি কমিটি গঠণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসারের নামে একাউন্ট খোলা হবে। সেই একাএন্ট ফরম ফিল আপের টাকা জমা হবে। জেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিষয়টি অবহিত করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা, প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধোপাডাঙ্গা ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ৩১ | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | মেয়র, সুন্দরগঞ্জ পৌসভা জানান, সুন্দরগঞ্জ পৌর বাজারে আধুনিক কসাই খানা নির্মাণের লক্ষ্যে কাজ করা হচ্ছে নিয়মিতভাবে পৌর ট্যাক্স পরিশোধের জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জানান। নিয়মিতভাবে পৌর কর পরিশোধ করা না হলে সরকারি বরাদ্দ বৃদ্ধি পায় না। সরকারি বরাদ্দের সাথে পৌর কর আদায়ের শর্ত জড়িত আছে। | পৌর আদায়ের পাশাপাশি শহরের নাগরিকদের সেবার মান বৃদ্ধিতে মনোযোগী হতে হবে। ডেঙ্গুর প্রকোপ রোধে নিয়মিতভাবে মশক নিধনের লক্ষ্যে ঔষধ স্প্রে করতে হবে, রাস্তা মেরামত ও পর্যাপ্ত রোড লাইট স্থাপন নিশ্চিত করতে হবে। | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা ও সংশ্লিস্ট সকর |
| ৩২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান-<br>ক) খুব শীঘ্রই দ্বাদশ জাতীয় সঙসদ নির্বাচনের তফষিল ঘোষনা হবে। তাই আসন্ন সঙসদ নির্বাচন যাতে সুষ্ঠ ও শান্তিপুর্ন হয় সে বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>খ) ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধিতে সাধারণ মানুষ অস্থির হয়ে পড়ছেন। এর বিস্তার রোধে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সকলকে কাজ করতে হবে।<br>গ) সর্বজনীন পেনশন স্কীম সরকারের একটি বিশেষ কর্মসূচি। এ কর্মসূচি বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে উদ্বুদ্ধ করতে সকলকে একযোগে কাজ করতে হবে। | ক) ডেঙ্গুর বিস্তার রোধে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সকল ইউনিয়ন পরিষদ ও পৌরসভাকে সুনির্দিষ্ট প্রকল্প গ্রহণ করতে হবে।<br>খ) সর্বজনীন পেনশন স্কীম বাস্তবায়নে পেনশন সুবিধা নিতে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করতে হবে।<br>গ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।<br>ঘ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল াাগামী ৩ | উপজেলা নির্বাহী অফিসার, পৌর মেয়র, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘ) উপজেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটিসমূহের নিয়মিতভাবে সভা অনুষ্ঠান করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিল করার উপরগুরুত্বারো করেন।<br>ঙ) ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগের ওয়েব পোর্টাল জরুরীভাবে হালনাগাদ করতে হবে।<br>জ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের বিভিন্ন স্থাপনার (অফিস ভবন, বাসাবাড়ী ও অন্যান্যসহ) পৌর কর পরিশোধের জন্য ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকার বিল দাখিল করেছেন। যা পরিশোধ করা যেতে পারে। | দিনের মধ্যে হালনাগাদ করতে হবে।<br><br>ঙ) সুন্দরগঞ্জ পৌরসভা ২০২৩-২০২৪ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলা পরিষদের পৌর কর বাবদ দাখিলকৃত ১৭,১১,৯৬৫/- ( সতের লক্ষ এগার হাজার নয় শত পয়ষট্টী) টাকা পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৩৩ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সৌহার্দ্যপূর্ন পরিবেশে সভা অনুষ্ঠানের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।<br>তিনি সভায় সকলের সম্মিলিত চেষ্টায় আগামী নির্বাচন যাতে সষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ন হয় এবং কেউ যাতে নির্বাচন বন্ধ করতে ন পারে সে বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য সকলকে অনুরোধ করেন। ২০১৩ ও ২০১৪ সালে যারা নাশকতায় জীবন হারিয়েছেন তিনি তাদের আত্নার মাগফেরাত কামনা করেন। উপজেরা যাতে কেউ হরতালের নামে নাশকতা সৃস্টি করতে না পারে সে দিকে প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার জন্য সভায় অনুরোধ জানান।রাস্তায় যাতে ইট, পাটকেল, গাছের গোড়া ইত্যাদি যত্রতত্রভাবে পরে না রাখে সে দিকে উপস্থিত সকল চেয়ারম্যানকে সজাগ থাকার জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদের আবাসিক ভবন সমুহ দ্রুত মেরামত করা দরকার। বর্তমানে উপজেলা প্রকীশলী না থাকায় কোন প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ দুঃখ প্রকাশ করে জানান, ছাপরহাটী ইউনিয়নের উত্তর মরুয়াদহ গ্রামের জনাব মোঃ আল আমিন মিয়া এর সেচ লাইসেন্স যার নং- ১৬৭৫ ইস্যুর তারিখঃ ০৩/০৩/২০২২, উপজেলা সেচ কমিটির সদস্য সচিব জনাব অফিস কামরুল আশরাফি সহকারী প্রকৌশলী বিএডিসি, গাইবান্ধা (ক্ষুদ্রসেচ) জোন, গাইবান্ধা'র ৩১/০১/২০২৩ তারিখের স্বাক্ষরিত পত্র নং-৫৭৯ এর মাধ্যমে ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জকে বিদ্যুৎ সংযোগ স্থগিত করার জন্য অনুরোধ করেছিলেন। উক্ত পত্রে মোঃ আল আমিন মিয়া এর গ্রাম দেখানো হয়েছে। ঠিকানা ভূল কারণ ছাড়াই লাইসেন্স সঠিক থাকা অবস্থায় সংযোগ স্থগিত করা বিধি সম্মত হয় নি মর্মে প্রতীয়মান হয়। বিষয়টি সঠিকভাবে অনুসন্ধান করে লাইসেন্সটি বহাল রাখার ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।গত সেপ্টেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারণ সভায় বিষয়টি উথ্থাপন করা হয় এবং বিষয়টি খতিয়ে দেখে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হলেও অদ্যাবধি পর্যন্ত বিষয়টি নিস্পত্তি হয়নি। তিনি পুনরায় বিষয়টি খতিয়ে দেখে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান | ডিজিএম পল্লী বিদ্যুৎ জনাব মোঃ আল আমিন মিয়া এর সেচ লাইসেন্সের প্রয়োজনীয় কাড়জপত্র দাখিল করবেন। কাগজপত্র পর্যালেচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলার সকল দপ্তর প্রধান, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |

২৬/১১/২০২৩ হতে ২১/১২/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের আগস্ট -২৩ মাসের সম্মানী ভাতা বাবদ | ঃ | ৯৯,০০০/- |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের আগস্ট -২৩ মাসের ভ্রমণ ভাতা বাবদ | ঃ | ৩৫,৭৫০/- |
| গ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০/- |
| ঘ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ২২,০০০/- |
| ঙ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী বাবদ ব্যয় | ঃ | ২২,০০০/- |
| চ | আগস্ট -২৩ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ৩৬,২৪৬/- |
| ছ | জাতীয় সংবিধান দিবস উপলক্ষে ব্যয় | ঃ | ২৪,৬৮০ |
| জ | সোলার সার্চ লাইট বাবদ ব্যয় | ঃ | ২৩,৯০০ |
| ঝ | বৃক্ষ রোপন বাবদ ব্যয় | ঃ | ২৪,৯৬৫/- |
| ঞ | বর্জ ব্যবস্থাপনা পরিস্কার বাবদ ব্যয় | ঃ | ২৪,৮০০/- |
| ট | উপজেলা পরিষদের ভবনের ছাদে সার্চ লাইট ও ভবনের সকল লাইট সংস্কার বাবদ ব্যয় | ঃ | ৯০,০০০/- |
| ঠ | পত্রিকার বিজ্ঞাপন বিল | ঃ | ৫৪,৫১৪/- |
| ড | উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারীরর সিপিএফ বাবদ | ঃ | ১৫,৩৯৭/- |
| ঢ | আবসিক ভবনের কোয়াটার নং ০৩ সংস্কার | ঃ | ২,০০,০০০/- |
| ন | উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ ও গ্যারেজ সংস্কার | ঃ | ২,০০,০০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২৩

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ১৫৫৯ (৪৫)

তারিখ ঃ ১৫ পৌষ ১৪৩০ / ৩০ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১৩। অফিস কপি।

৩০/১২/২৩

(মোঃ তরিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd